

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আর তাকে যাকরিয়ার তত্ত্বাবধানে
সমর্পণ করলেন। যখনই যাকরিয়া
মেহরাবের মধ্যে তার কছে
আসতেন তখনই কিছু খাবার
দেখতে পেতেন।
সূরা আল ইমরান ৩৭

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ২২ সোমবার ২০২৬ ১৫ জিলকুদ ১৪৪৭ ২১ বৈশাখ ১৪৩৩ ৯ম বর্ষ ৩৪১ সংখ্যা ৪ পৃষ্ঠা ৫ টাকা

নতুন আসীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
শ্রীমন্ত শ্রীমন্ত
ইসলামিক সিমেন্ট
সেবা : ০১৯১০০৬৬৬৬৬, ০১৯১১০২৭৭০৪

বাধ্যতামূলক
অবসরে আরও ১৭
পুলিশ কর্মকর্তা
কীর্তনখোলা ডেস্ক
পুলিশের উপমহাপরিদর্শক (ডিআইজি) পদমর্যাদার ১৬ কর্মকর্তা ও অতিরিক্ত ডিআইজি পদমর্যাদার একজনসহ মোট ১৭ জন ২ এর পাতায় দেখুন

প্রাথমিকে সুপারিশপ্রাপ্ত
১৪ হাজার শিক্ষকের
কেউ বাদ পড়বে না
কীর্তনখোলা ডেস্ক
অন্তর্বর্তী সরকারের আমলে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২ এর পাতায় দেখুন

জাকাত ও চাঁদা নিয়ে
বিএনপি নেত্রীর বক্তব্যে
জামায়াতের নিন্দা
কীর্তনখোলা ডেস্ক
বিএনপি নেত্রী ও সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নিলোফার চৌধুরী মনির দেওয়া বক্তব্যে গভীর উদ্বেগ, তীব্র নিন্দা ২ এর পাতায় দেখুন

শাপলা চতুরে হত্যাকাণ্ডের
তদন্ত শেষের দিকে : চিফ
প্রসিকিউটর
কীর্তনখোলা ডেস্ক
রাজধানীর শাপলা চতুরে ২০১৩ সালের ৫ মে হত্যাকাণ্ডের ঘটনার তদন্ত প্রায় শেষের দিকে বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

বরিশালে প্রাথমিক শিক্ষায় সাড়ে ৬ হাজার পদ খালি

কীর্তনখোলা রিপোর্ট

সাড়ে ৬ হাজার শূন্যপদ নিয়ে চলছে বরিশাল বিভাগের প্রাথমিক শিক্ষাব্যবস্থা। এখানে কর্মকর্তা ও শিক্ষক-কর্মচারীদের অনুমোদিত ৩৮ হাজার ৯৫০টি পদের মধ্যে ৬ হাজার ৪৪৯টি পদ খালি। সহকারী ও প্রধান শিক্ষকের পদে জনবল সংকট প্রকট। এ অঞ্চলের জন্য অনুমোদিত পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকের ৩৭ হাজার ৯৭৮ পদের মধ্যে শূন্যপদ ৪ হাজার ৮৯২টি। এখানে কর্মকর্তা-কর্মচারীদের মোট ১ হাজার ৫টি পদের মধ্যে শূন্যপদের সংখ্যা ৫৫২টি। প্রকট জনবল সংকটের কারণে প্রাথমিক বিদ্যালয়গুলোতে পাঠদান ব্যাহত হওয়ার পাশাপাশি প্রশাসনিক কাজেও গতি কমে যাচ্ছে। তাই দ্রুত সমসার মধ্যে শূন্যপদে নিয়োগের দাবি উঠেছে সচিব মহলে।



প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষায় প্রথম
মেধাতালিকায় জায়গা
পেলেন ২ লাখ ৩০
হাজার শিক্ষার্থী

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় পাস করেছেন ৮০ দশমিক ৩৬ শতাংশ শিক্ষার্থী। এর মধ্যে প্রথম মেধা তালিকায় স্থান পেয়েছেন ২ লাখ ২৯ হাজার ৭৬৫ জন। রোববার (৩ মে) দুপুর ২টার দিকে এ ফল প্রকাশ করা হয়। পরে গণমাধ্যমে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে পাসের হার ও মেধা তালিকার বিষয়ে জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এবার ভর্তি পরীক্ষায় অংশ নেন ৪ লাখ ৫৩ হাজার ১৪৮ জন শিক্ষার্থী। এর মধ্যে পাস করেছেন ৩ লাখ ৬৪ হাজার ১৩৫ জন। ভর্তি পরীক্ষায় পাসের হার ৮০ দশমিক ৩৬ শতাংশ। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে প্রথম মেধা তালিকায় ২ এর পাতায় দেখুন



নগরীর ১৬ নং ওয়ার্ডে সড়ক নির্মাণ কাজের উদ্বোধন করেন বিসিএস প্রশাসক আড্ডা, বিলকিস আক্তার জাহান শিরীন

কীর্তনখোলা

মে মাসে ঘূর্ণিঝড়ের আভাস থাকবে তীব্র তাপপ্রবাহ

কীর্তনখোলা ডেস্ক

লম্বাতি মে মাসে বঙ্গোপসাগরে ১-২টি লঘুচাপ সৃষ্টি হতে পারে, যার মধ্যে একটি নিম্নচাপ বা ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। এ মাসে দেশে একটি তীব্র (৪০-

৪১.৯ সেলসিয়াস) তাপপ্রবাহ বয়ে যেতে পারে বলেও জানিয়েছে সংস্থাটি। রোববার (৩ মে) দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মো. মমিনুল ইসলাম

স্বাক্ষরিত পূর্বাভাসে আরো বলা হয়েছে, মে মাসে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এ সময়ে দেশে বিক্ষুব্ধভাবে শিলাসহ ৫-৮ দিন হলকা মাঝারি বার মধ্য ২-৩ দিন ২ এর পাতায় দেখুন

স্বাস্থ্যমন্ত্রী
হাম টিকাদানে ৮১ শতাংশ
অগ্রগতি, ভেজাল ওষুধ রোধে
বাড়বে মোবাইল টিম

কীর্তনখোলা ডেস্ক

স্বাস্থ্যমন্ত্রী ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন জানিয়েছেন, দেশে হাম টিকাদান কর্মসূচিতে এরইমধ্যে ৮১ শতাংশ অগ্রগতি অর্জিত হয়েছে এবং দ্রুত শতভাগ কভারেজ নিশ্চিতের লক্ষ্য নিয়ে কাজ চলছে। একইসঙ্গে ভেজাল ওষুধ ও অপকৃষ্ট ঔষধ রোধে সারা দেশে মোবাইল টিমের কার্যক্রম আরও জোরদার করা হবে বলে তিনি জানান। রোববার (৩ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ২ এর পাতায় দেখুন

হাম ও হামের
উপসর্গ নিয়ে ১০
জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

সারাদেশে গত ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত ও হামের উপসর্গ নিয়ে ১০ জন মারা গেছেন। তাদের মধ্যে একজন হামে আক্রান্ত হয়ে মারা গেছেন। বাকি ৯ জনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। এছাড়া গত ২৪ ঘণ্টায় নতুন রোগীর সংখ্যা ১ হাজার ২৬১ জন। এরমধ্যে হামে আক্রান্ত রোগী ৯৫ জন, হামের উপসর্গ নিয়ে ভর্তি ১ হাজার ১৬৬ জন। রোববার (৩ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো ২ এর পাতায় দেখুন

বরিশালে সড়ক
উদ্বোধন করলেন
প্রশাসক শিরীন

কীর্তনখোলা রিপোর্ট

গতকাল রোববার বেলা সাড়ে ১১টায় বরিশাল সিটি কর্পোরেশন (বিসিএস) এর প্রশাসক এ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন আনুষ্ঠানিকভাবে এই সড়কের উদ্বোধন করেন। উদ্বোধনকালে তিনি বলেন, নগরীর অবকাঠামোগত উন্নয়নে সিটি কর্পোরেশন ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে। নাগরিকদের দুর্ভোগ লাঘবে ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে এ ধরনের সড়ক উন্নয়ন কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি আরও জানান, নগরীর ২ এর পাতায় দেখুন



বিএনপির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান এবং কেন্দ্রীয় ছাত্রদলের নেতৃবৃন্দকে ভেড়া জানিয়ে নগরীতে বরিশাল জেলা ও মহানগর ছাত্রদলের নবগঠিত কমিটির আনন্দ মিছিল

কীর্তনখোলা

দীর্ঘ প্রতীক্ষার অবসান বরিশাল জেলা ও মহানগর ছাত্রদলের আস্থায়ক কমিটি গঠন

কীর্তনখোলা রিপোর্ট

দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটনায় বরিশাল জেলা ও মহানগর ছাত্রদলের নতুন আস্থায়ক কমিটি ঘোষণা করেছে কেন্দ্রীয় সংসদ। দলের দুঃসময়ে সক্রিয় থাকার জন্য জেলা ও মহানগর ছাত্রদলের নেতৃবৃন্দকে ভেড়া জানিয়ে নগরীতে বরিশাল জেলা ও মহানগর ছাত্রদলের নবগঠিত কমিটির আনন্দ মিছিল



এই কমিটির অনুমোদন কমিটিকে দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটনায় বরিশাল জেলা ও মহানগর ছাত্রদলের নতুন আস্থায়ক কমিটি ঘোষণা করেছে কেন্দ্রীয় সংসদ। দলের দুঃসময়ে সক্রিয় থাকার জন্য জেলা ও মহানগর ছাত্রদলের নেতৃবৃন্দকে ভেড়া জানিয়ে নগরীতে বরিশাল জেলা ও মহানগর ছাত্রদলের নবগঠিত কমিটির আনন্দ মিছিল

কেন্দ্রীয় সংসদ। শনিবার (২ মে) রাতে ছাত্রদল সদস্য সচিব হিসেবে মনোনীত হয়েছেন মো. নাঈদ কেন্দ্রীয় সংসদের সভাপতি মো. রাকিবুল ইসলাম রহমান খান (ভূষার)। তৃণমূল কর্মীদের কাছে বিনিয়োগ ও সাধারণ সম্পাদক নাসির উদ্দীন নাহির জনপ্রিয়তা ও সাংগঠনিক ২ এর পাতায় দেখুন



বরিশালে এক হাজার ইয়াবাসহ রোহিঙ্গা তরুণী আটক

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে যাত্রীবাহী বাসে তল্লাশি চালিয়ে এক হাজার পিস ইয়াবাসহ জাহিদা বেগম (২০) নামের এক রোহিঙ্গা তরুণীকে আটক করেছে পুলিশ। রোববার (৩ মে) ভোরে বরিশাল-ঢাকা মহাসড়কের কলসায়মা এলাকা থেকে তাকে আটক করা হয়। পুলিশ সূত্রে জানা যায়, আটক জাহিদা বেগম কক্সবাজারের টেকনাফ ৩ এর পাতায় দেখুন

মাঠ পর্যায়ে ঝুলে আছে ৬৮ হাজার এনআইডি আবেদন

কীর্তনখোলা ডেস্ক

নির্বাচন কমিশনের (ইসি) আওতাধীন মাঠ কার্যালয়ে ঝুলে আছে প্রায় ৬৮ হাজার এনআইডি সংশোধন আবেদন। এসব আবেদন দ্রুত নিষ্পত্তির জন্য নির্দেশ দিয়েছে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ (এনআইডি)। রোববার (৩ মে) নির্বাচন কমিশনের এনআইডি অনুবিভাগের পরিচালক (অপারেশন) মো. সাইফুল ইসলাম সাংবাদিকদের বিষয়টি জানান। ২ এর পাতায় দেখুন

৮ বছর পর ঝালকাঠি জেলা ছাত্রদলের আস্থায়ক কমিটি ঘোষণা

ঝালকাঠি প্রতিনিধি

দীর্ঘ প্রায় আট বছর পর ঝালকাঠি জেলা ছাত্রদলের আস্থায়ক কমিটি ঘোষণা করা হয়েছে। সৈয়দ আলী হাসানকে আস্থায়ক ও সাইদুল ইসলাম রনিকে সদস্যসচিব করে সাত সদস্যবিশিষ্ট এ কমিটি গঠন করা হয়। শনিবার (২ মে) রাতে কেন্দ্রীয় ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম ও সাধারণ সম্পাদক ২ এর পাতায় দেখুন

আমতলীতে দেড় কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী গ্রেপ্তার

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলীতে দেড় কেজি গাঁজাসহ এক মাদক ব্যবসায়ীকে শনিবার দিনগত গভীর রাতে গ্রেপ্তার করেছে বরগুনা জেলা গোয়েন্দা পুলিশ। বরগুনা জেলা গোয়েন্দা পুলিশ সূত্রে জানা যায়, গোয়েন্দা পুলিশের বিশেষ অভিযানে আমতলীর কুকুয়া ইউনিয়নের আজিমপুর বাজারস্থ কুকুয়া ইউনিয়ন পরিষদের সামনে পাকা রাস্তার উপর হতে ১.৫ ২ এর পাতায় দেখুন

বাংলাদেশ জিন্দাবাদ

বরিশাল জেলা ছাত্রদলের নবগঠিত কমিটিতে

মোঃ তৌফিকুল ইসলাম ইমরান-কে

আস্থায়ক নির্বাচিত করায়

ছাত্রদলের সাংগঠনিক অধিব্যবস্থাপক, বিনোদন ওয়ার্ডম্যান, মাননীয় প্রধানমন্ত্রী

তারেক রহমান

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি

রাকিবুল ইসলাম রাকিব

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সাধারণ সম্পাদক

নাসির উদ্দীন নাসির কে

শুভেচ্ছা ও অভিনন্দন

শুভেচ্ছান্তে : বরিশাল জেলা ছাত্রদল।



বরিশাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের আন্দোলন শিথিল

কীর্তনখোলা রিপোর্ট

পাঁচ দিনের সময়সীমা বেঁধে দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৬০ শিক্ষকের পদোন্নতির দাবিতে চলমান সর্বাঙ্গিক অসহযোগ আন্দোলনের কর্মসূচি কিছুটা শিথিল করা হয়েছে। শিক্ষার্থীদের সেশনজট এড়াতে পাদদান-পরীক্ষা নেওয়া হবে। তবে ৮ মে বিশ্ববিদ্যালয়ের সিভিক স্ট্রাইক সভায় বিষয়টি সমাধান না হলে ১০ মে থেকে তারা কঠোর আন্দোলনে যাওয়ার ইশারা দিয়েছেন। রোববার দুপুরে আন্দোলনরত শিক্ষকদের সভায় এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই তথ্য নিশ্চিত করেছেন আন্দোলনরত সমাজকর্ম বিভাগের শিক্ষক মুস্তাকিম বিল্লাহ। মুস্তাকিম বিল্লাহ বলেন, 'গত বৃহস্পতিবার উপাচার্য, বরিশাল বিভাগীয় কমিশনার ও আন্দোলনরত শিক্ষকদের প্রতিনিধিদের মধ্যে ত্রিপর্যায় বৈঠক হয়। সেখানে আমাদের দাবি মেনে নেওয়ার ব্যাপারে ইতিবাচক সিদ্ধান্ত হয়েছে। তাই আগামী পাঁচ দিন একাত্মক কার্যক্রম চালাবেন। তবে কোনো দাঙ্গার কাজ করবেন না শিক্ষকেরা।' মার্কিটিং বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল কাইউম বলেন, '৮ মে বিশ্ববিদ্যালয়ের সিভিক স্ট্রাইক ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তাজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। গ্রাহ্যিকের অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

মহামাদকীয় কার্যকর পদক্ষেপ নিন

সফল টিকাদান কর্মসূচির কারণে হাম দেশ থেকে নির্মূল হওয়ার পথে ছিল। কিন্তু সেই হামই এখন প্রায় মহামারি রূপে ছড়িয়ে পড়েছে। ৬১টি জেলাতেই রোগটি ছড়িয়ে পড়েছে। এমন পরিস্থিতিতে হাইকোর্ট সারা দেশে অবিলম্বে হামের টিকাসহ প্রয়োজনীয় সরঞ্জামের পর্যাপ্ত ও নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতে সরকারকে নির্দেশ দিয়েছেন। এক রিট আবেদনে প্রাথমিক ওনানির পর বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর বেঞ্চ সোমবার রুলসহ এই আদেশ দেন। অতি সংক্রামক হাম প্রতিরোধ ও নিয়ন্ত্রণে নিষ্ক্রিয়তা ও ব্যর্থতা কেন অবৈধ, খেজাচারা ও আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবে না, তা জানাতে চাওয়া হয়েছে রুলে। বাংলাদেশে হামের বর্তমান পরিস্থিতিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) ‘উচ্চ ঝুঁকিপূর্ণ’ বলে মূল্যায়ন করছে। একই সঙ্গে টিকার উন্ন ঘটিতি এবং ভ্রমবর্ধমান মৃত্যুহার নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। দেশের মহামারি বিশেষজ্ঞরা বলছেন, বিশ্ব স্বাস্থ্য সংস্থা যখন ‘উচ্চ ঝুঁকিপূর্ণ’ হিসেবে উল্লেখ করে, তা এক অর্থে মহামারি। এই সময়ে সরকারের উচিত সংকট মোকামেলায় জরুরি পরিস্থিতি ঘোষণা করা। মহামারি মোকামেলায় মৌলিক নীতিগুলির মধ্যে অন্যতম হলো ডেড্ড বা কভিরের মতো বিজ্ঞানভিত্তিক ক্লিনিক্যাল প্রটোকল তৈরি, যা অনুসরণ করে উপজেলা হাসপাতাল থেকে শুরু করে সকল পর্যায়ে এক অভিন্ন চিকিৎসা প্রদান করা। কিন্তু সরকার এখন পর্যন্ত তা করেনি। এমনকি স্বাস্থ্যকর্মীদের হাম ব্যবস্থাপনায় কোনো বিশেষ ওরিয়েন্টেশন রাখা। হাসপাতালে আইসিইউ, পিআইসিইউ ও অক্সিজেন সরবরাহ ও প্রয়োজনীয় চিকিৎসাসামগ্রী নিশ্চিত করা। এর বরিয়ে অতি গুরুত্বপূর্ণ আরেকটি ধাপ হলো ‘ডেথ রিভিউ’ বা মৃত্যুর কারণ বিশ্লেষণ, যার মাধ্যমে কোথায় ঘাটতি রয়েছে, তা ঠিক করাও সম্ভব হয়। এসব বাস্তবায়ন করা হয়নি। জানা যায়, রাজধানীর মেধাখালীতে অবস্থিত জনস্বাস্থ্য ইনস্টিটিউটের ল্যাবরেটরিতেই শুধু হাম শনাক্তের পরীক্ষা করা হচ্ছে। তাও সেখানে কঠোর স্বল্পতা রয়েছে। দিনে তিন-চার শ নমুনা পরীক্ষার ক্ষমতা থাকলেও কিস্তিস্বতন্ত্র কারণে বর্তমানে গড়ে পেরীক্ষা হয় মাত্র ১২০টি মতো। অন্যদিকে পর্যাপ্ত কিট থাকলে সারা দেশে আরো বেশ কিছু হাসপাতালে এই পরীক্ষার ব্যবস্থা করা যেত এবং রোগ শনাক্ত করার প্রক্রিয়া দ্রুততর হতো। আমরা আশা করি, উচ্চ আদালতের নির্দেশনা এবং বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী সরকার হাম নিয়ন্ত্রণে দ্রুত কার্যকর পদক্ষেপ নেবে।

৮ বছর পর ঝালকাঠি

নাছির উদ্দীনের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ কমিটি অনুমোদনের বিষয়টি জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, নবগঠিত আত্মায়ক কমিটিকে এক মাসের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠন করে কেন্দ্রীয় দপ্তরে জমা দিতে হবে। নবগঠিত কমিটির অন্যান্য সদস্যরা হলেন সিনিয়র যুগ্ম আত্মায়ক আহমেদ সালাহউদ্দীন, যুগ্ম আত্মায়ক যুবরানের তালুকদার মিসকাত, কেশব সুনম সরকার, ভাওহিদ হোসেন ও মো. মৃবিনুল ইসলাম সাদাম। এর আগে ২০১৮ সালের ৫ জুন মো. আরিফুর রহমানকে সভাপতি ও গিয়াস সরদার দিপুসে সাধারণ সম্পাদক করে ঝালকাঠি জেলা ছাত্রদলের সর্বশেষ কমিটি গঠন করা হয়েছিল। দীর্ঘদিন ধরে সেই কমিটি দায়িত্ব পালন করে আসছিল। নতুন আত্মায়ক কমিটি ঘোষণায় সন্তোষ প্রকাশ করে বিএনপির স্থানীয় জোষ্ঠ নেতারা জানান, আগের কমিটি সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেছে ও নতুন নেতৃত্বও সংগঠনকে আরও গতিশীল করতে বলে তারা আশা করছেন। সদ্য বিদায়ী কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক নবগঠিত কমিটিকে অভিনন্দন জানিয়েছেন। নবনিযুক্ত আত্মায়ক সৈয়দ আলী হাসান বলেন, ‘দল ত্যাগীদের মূল্যায়ন করেছে। অতীতে দলের জন্য রাজপথে আন্দোলন-সংগ্রামে সক্রিয় ছিলো। এখন যে দায়িত্ব দেওয়া হয়েছে, তা নিষ্ঠা ও অন্তরিকতার সঙ্গে পালন করে সংগঠনকে আরও শক্তিশালী করতে কাজ করে যাব।’

বরিশাল জেলা ও মহানগর

দক্ষতায় পরিচিত। এ ছাড়াও সিনিয়র যুগ্ম আত্মায়ক হিসেবে মাহমুদ হাসান তালিকাকে দায়িত্ব দেয়া হয়েছে। কমিটির অন্যান্য যুগ্ম আত্মায়করা হলেন- আহাদ হোসাইন আবির, মাজহারুল ইসলাম মনিস, সজল তালুকদার, মো. খালেদ হোসেন বাবর, মো: হুমায়ুন কবির শান (ফেরদৌস), জহির রায়হান, মো. সাদাম হোসেন, মো. সিহাব (বিবি), আল আমিন হাসান, গুন্মো, রাকিব তালুকদার। অন্যদিকে বরিশাল জেলা ছাত্রদলের গুরুত্বপূর্ণ দেরা হয়েছে তুফাউ ছাত্রনেতা তৌফিকুল ইসলাম ইমরানের কাঁখে। নবগঠিত জেলা কমিটিতে তাকে আত্মায়কের দায়িত্ব দেয়া হয়েছে। সদস্য সচিব মশোনীত করা হয়েছে মো. আল আমীন মুখাণে। আফি আল মামুনকে দেয়া হয়েছে সিনিয়র যুগ্ম আত্মায়কের দায়িত্ব। এই কমিটির যুগ্ম আত্মায়করা হলেন: আব্দুল কাদের মোস্তা, মো. ইমরান আম্মদে (ইব্রাহিম), মো: জাহিদুল ইসলাম পিকু, জাহিদ সাকিন (শবি), মহসিন শিকদার, আরিফ হোসেন (বিবি), মো: ইমতিয়াজ চৌধুরী, মো. রফিকুল ইসলাম (রফিক মুখা) এবং সৈয়দ মাহমুদ হাসান। এ দিকে নবগঠিত বরিশাল মহানগর কমিটির আত্মায়ক এনামুল হাসান তাসমিন মোবাইল ফোনে জানান, প্রধানমন্ত্রীর তারেক রহমানের নির্দেশে ছাত্রদলকে আরও সক্রিয় ও সামাজিক কর্মকাণ্ডে হ্রস্ত করা হবে। একইসঙ্গে দ্রুত পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে। সদস্য সচিব নাবিদ রহমান খান ভূয়ার বলেন, ‘দেশনায়ক তারেক রহমান রাজপথের ত্যাগী ও পরীক্ষিত কর্মীদের মূল্যায়ন করেছেন। এই কমিটি রাজপথের ঘাম ও রক্তের ফসল। মহানগর ছাত্রদলকে এমনভাবে গড়ে তোলা হবে, যা আগামী দিনে যেকোনো ষেরাচারী শক্তির বিরুদ্ধে দুর্গে হিসেবে কাজ করবে।’ দায়িত্ব পাওয়ার পর এক প্রতিক্রিয়ায় জেলা ছাত্রদলের নবনির্বাচিত আত্মায়ক তৌফিকুল ইসলাম ইমরান বলেন, ‘বরিশাল জেলা ছাত্রদলের প্রতিটি কর্মী আজ আনন্দিত। প্রধানমন্ত্রীর দেশনায়ক তারেক রহমান যে গুরুদায়িত্ব অর্পণ করেছেন, তা আমরা রাজপথে থেকে পালন করব। ত্যাগীদের মূল্যায়ন করায় তৃণমূল আজ উজ্জ্বলিত।’ কেন্দ্রীয় সংসদের নির্দেশনায় জানানো হয়েছে, আত্মায়ক, সিনিয়র যুগ্ম আত্মায়ক এবং সদস্য সচিবের বৌথ স্বাক্ষরে সংগঠনের সব সাংগঠনিক কার্যক্রম পরিচালিত হবে। একইসঙ্গে, আগামী ৩০ দিনের মধ্যে পূর্ণাঙ্গ আত্মায়ক কমিটি গঠনের জন্য নবগঠিত কমিটিকে কঠোর নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রসঙ্গত, ২০১১ সালে গঠিত হয় বরিশাল জেলা ও মহানগর ছাত্রদলের আত্মায়ক কমিটি। টানা ৭ বছর এই কমিটি দায়িত্ব পালনের পর ২০১৮ সালের ১৯ আগস্ট জেলা ও মহানগরের পূর্ণাঙ্গ কমিটি নিয়ে কেন্দ্রীয় ছাত্রদন। এরপর থেকে ৮ বছর দায়িত্ব পালন করেন দুই কমিটির নেতারা।

বরিশালে সড়ক উদ্বোধন

বিভিন্ন এলাকায় চলমান উন্নয়ন প্রকল্পগুলো পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হচ্ছে এবং ভবিষ্যতে ও ধারা অব্যাহত থাকবে। পরে তিনি নগরীর ১৬ নম্বর ওয়ার্ডের এন. হোসেন এভিনিউ (রপন কমিউনিটি সেন্টার সংলগ্ন) বিটুমিনাস কার্পেট দ্বারা উন্নয়ন কাজের উদ্বোধন করেন। এসময় বরিশাল মহানগর বিএনপির

সাবেক যুগ্ম আায়ক কামরুল আহসান রতন, মহানগর ছাত্র দলের সাবেক সহ সভাপতি মুসফিক হাসান অভি সহ সিটি কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

হাম ও হামের উপসর্গ

হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৫০ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ২৪৪ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৫ হাজার ৩১৩ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৪০০ হাজার ৪৯১ জন। এ পর্যন্ত হামে সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ২৭ হাজার ৮১৬ জন এবং হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ২০ হাজার ৯০ জন।

হাম টিকাদানে ৮১ শতাংশ

ডেপুটি কমিশনারদের (ডিসি) সম্মেলনে স্বাস্থ্য মন্ত্রণালয়সংক্রান্ত সেশন শেষে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, দেশের স্বাস্থ্য খাতের বিদ্যমান সমস্যাগুলো সমাধানে জেলা প্রশাসকদের সহযোগিতা চাওয়া হয়েছে। জেলা প্রশাসকদের কাছ থেকে বিভিন্ন সীমাবদ্ধতার বিষয় উঠে এসেছে এবং সেগুলো মোকাবিলায় কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে আলোচনা হয়েছে। মন্ত্রী জানান, বিগত সময়ে অপরিকল্পিতভাবে নির্মিত অনেক হাসপাতাল ভবন এখনো অসমাপ্ত বা অরক্ষিত অবস্থায় পড়ে আছে। এসব স্থাপনা দ্রুত চালু করার উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি বিদ্যুৎ সমস্যার কারণে অপারেশন থিয়েটার ও লেবার রুমে কাজ ব্যাহত হওয়ার বিষয়টি গুরুত্ব দিলে দেখা হচ্ছে এবং বিকল্প ব্যবস্থা নেওয়ার কথাও আলোচনা হয়েছে। ডেঙ্গুর ঝুঁকি সামলে রেখে পরিষ্কারপরিচ্ছন্নতার ওপর জোর দেওয়ার আহ্বান জানানো হয়েছে বলে জানান তিনি। ডেঙ্গু প্রতিরোধে প্রতিরোধমূলক ব্যবস্থাকে সবচেয়ে গুরুত্বপূর্ণ উল্লেখ করে মন্ত্রী বলেন, চিকিৎসার চেয়ে প্রতিরোধে গুরুত্ব দিতে হবে। এ ছাড়া অ্যামুলেপ সংকট, হাসপাতালে গুণুঘরে ঘাটতি, ভেজাল ওষুধ বিক্রি এবং চিকিৎসকদের অপর্যাপ্ততার মতো সমস্যাপ্রস্ংলোও আলোচনায় উঠে এসেছে। স্বাস্থ্যসেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে জেলা প্রশাসকদের সক্রিয় ভূমিকা কামনা করে মন্ত্রী বলেন, অবৈধ ও অপরিকল্পিত ক্লিনিকগুলোকে মোবাইল টিমের মাধ্যমে নজরদারি ব্যাহতে হবে, যাতে অপচিকিৎসা ও রোগী হারানি বন্ধ করা যায়। একইসঙ্গে ডিসপেনসারিতে ভেজাল ওষুধ বিক্রি রোধেও কঠোর ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে। তিনি আরও বলেন, মাতৃস্বাস্থ্য ও শিশুর পুষ্টি নিশ্চিত করতে ব্রেক্‌ফিডিং বা মাতৃদুগ্ধ পান বাড়ানোর বিষয়ে সচেতনতা বাড়াতে হবে। ইউনিয়ন পর্যায়ে এ বিষয়ে কাজসেপিক কার্যক্রম জোরদারের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। জলাভুক্ত প্রতিরোধে আন্টি-রেবিস ভ্যাকসিন এবং সাপের কামড়ের চিকিৎসায় অ্যান্টিভেনমের সরবরাহ স্বাভাবিক রাখতে সপ্তরিটদের নির্দেশনা দেওয়া হয়েছে। হাম প্রতিরোধে চলমান টিকাদান কর্মসূচির অগ্রগতি সন্তোষজনক বলে জানান মন্ত্রী। তিনি বলেন, এরইমধ্যে প্রায় ৮১ শতাংশ লক্ষ্য অর্জিত হয়েছে এবং দ্রুত ১০০ শতাংশ কভারেজ নিশ্চিত করা হবে। বর্তমানে হাম নিয়ন্ত্রণে রয়েছে এবং মৃত্যুহারও কমেছে বলে তিনি উল্লেখ করেন। নিরাপত্তা জোরদারের বিষয়ে মন্ত্রী জানান, উজ্জেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে আনসার সদস্য মোতায়েনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রতিটি কেন্দ্রে একইসঙ্গে প্রাট্টি কমান্ডারসহ ১০ জন করে আনসার সদস্য দেওয়া হবে, যা দ্রুত বাস্তবায়ন করা হবে বলেও জানান তিনি।

বরিশালকে প্রাথমিক শিক্ষায়

৩১ হাজার ৭০৭ পদের বিপরীতে কর্মরত আছেন ২৯ হাজার ৫২ জন; শূন্যপদের সংখ্যা ২৬৫টি। অর্থাৎ সহকারী শিক্ষক পদের প্রায় ৮.৪ শতাংশ শূন্য রয়েছে। এর মধ্যে ১ হাজার ১৭ জন সহকারী শিক্ষক ‘চলতি দায়িত্ব’ হিসাবে প্রধান শিক্ষকের পদে দায়িত্বপালন করছেন। জেলা পর্যায়ে ৬টি এবং উপজেলা পর্যায়ে ৪২টি শিক্ষা অফিসে কর্মকর্তা-কর্মচারীদের মোট ১ হাজার ৫টি পদের বিপরীতে কর্মরত আছেন ৪৪৩ জন; শূন্যপদের সংখ্যা ৫৫২টি। অর্থাৎ মোট পদের প্রায় ৫৪.৯ শতাংশ শূন্য রয়েছে। চাহিদার তুলনায় নগণ্য পদ মঞ্জুর করা হলেও অফিস সহায়ক ও টেকনিক্যাল সাপোর্ট পদেও বড় ঘাটতি রয়েছে। এর মধ্যে উপজেলা ও থানা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারের ২৫১টি পদের মধ্যে ১৩৫টি শূন্য। জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের ৬টি পদের মধ্যে ১টি শূন্য রয়েছে। সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের ১২টি পদের মধ্যে ৪টি খালি। সহকারী মনিটরিং অফিসারের ৬টি পদের মধ্যে ৩টি শূন্য। সহকারী ইনস্ট্রাক্টর (রিসোর্স সেন্টার) পদে ৪১টির মধ্যে ৩৯টি পদ খালি; যা প্রশিক্ষণ কার্যক্রমে বিরূপ প্রভাব ফেলেছে। প্রশিক্ষণ ও বিশেষায়িত শিক্ষার ক্ষেত্রেও সংকট তীব্র। সাধারণ ইনস্ট্রাক্টর পদের ৭০টির মধ্যে ৩৪টি শূন্য। বিজ্ঞান ও চারক-কারক ইনস্ট্রাক্টর পদের প্রতিটিতে ৫টির সবগুলোই শূন্য। কৃষি ও শারীরিক শিক্ষা ইনস্ট্রাক্টর পদের ৫টির মধ্যে ৪টি করে শূন্য রয়েছে। কম্পিউটার সায়েল ইনস্ট্রাক্টরের ৫টির মধ্যে ৩টি পদ খালি। ফলে প্রায় সব শাখাতেই প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হচ্ছে। অফিস সহায়ক ও প্রশাসনিক সহায়তামূলক পদেও একই চিত্র। অফিস সহকারী-কায়-কম্পিউটার মাস্টাররিক পদের ১১৮টির মধ্যে ৮৯টি শূন্য। অফিস সহায়ক পদের ১১১টির মধ্যে ৯৭টি খালি। ক্যাশিয়ারের ৭টি পদের সবগুলোই শূন্য রয়েছে। হিসাব সহকারীর ৪১টির মধ্যে ২৬টি এবং ভাটা এন্ট্রি অপারেটরের ৪২টির মধ্যে ২২টি পদ খালি। জুইভারের ১৩টির মধ্যে ৭টি পদ শূন্য। এছাড়া মালি ও পরিচ্ছন্নতাকর্মীর ৬টি করে পদের সবগুলোই শূন্য রয়েছে। এাধিকার কর্মকর্তা-শিক্ষক বলেন, জবরুল স্কুলের কারণে শিক্ষার মান কমে যাচ্ছে; দাণ্ডরিক কাজেও এর প্রভাব পড়ছে। তাই দ্রুত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন না হলে প্রাথমিক শিক্ষার মান অবনতি হতে পারে। বরিশাল সচেতন নাগরিক কমিটির সদস্য সচিব ডা. মিজানুর রহমান বলেন, রপ্তাপদের প্রভাব পড়ছে শিক্ষাব্যবস্থায়। বিশেষ করে গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলে এর প্রভাব বেশি পড়ছে। শিক্ষক সংকটের কারণে অনেক বিদ্যালয়ে শিক্ষার মান কমে যাচ্ছে। প্রশাসনিক কাজেও গতি কমেছে। দ্রুত সংকট সমাধানের দাবি জানিয়েছেন তিনি। প্রাথমিক শিক্ষার বরিশাল বিভাগীয় উপপরিচালক নিব্বহার ইয়াসমিন বলেন, জবরুল সংকটে কাজের গতিশীলতা কমে যাা। শূন্যতাপ্রস্ংলো পূরণে কর্তৃপক্ষ সচেতন রয়েছে। নিয়োগসংক্রান্ত মামলা থাকায় শূন্যপদে নিয়োগ দেওয়া সম্ভব হচ্ছে না।

শাপলা চতুরে হত্যাডঙ্কর

চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। রোববার (০৩ মে) সকালে নিজ কার্যালয়ে তিনি জানান, শুধু মাত্র ঢাকাতেই ৩২ জনের হত্যার তথ্য পাওয়া গেছে। ১৩ বছর আগে ঢাকার শাপলা চতুরে অবস্থান নিয়ে আলোচনায় এসেছিল কওমি মাদ্রাসাভিত্তিক সংগঠন হেফাজতে ইসলাম। কয়েকজন রপারের বিরুদ্ধে ইসলাম ধর্ম নিয়ে কটুক্তি করার অভিযোগ ও নারী নীতির বিরোধিতা করাসহ ১৩ দফা দাবি হলে হেফাজতে ইসলাম ওই কর্মসূচি নিয়েছিল। ২০১৩ সালের ৫ মে দিনভ্ত উত্তেজনা ও সহিংসতা ছড়িয়েছিল ওক কর্মসূচিকে কেন্দ্র করে। সেই রাতে রাজধানীর অন্যতম বাণিজ্যিক এলাকা মতিবিলের শাপলা চতুর খিে তৈরি হয়েছিল এক ভীতিকর পরিবেশ। শেষ পর্যন্ত পুলিশর্যা়ব ও সীমান্তরক্ষী বাহিনী বিজিবির অভিযানে খালি করা হয়েছিল শাপলা চতুর। সেই অভিযানে নিহত হয়েছিল ৩২ জন মানুষ এমনওই তদন্ত বের হয়ে গেছে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর। শেষের দিকে ওয়ায় প্রকৃত হত্যার সংখা এখনি বলা যাচ্ছে না। চিফ প্রসিকিউটর বলেন, এ ঘটনায় এরইমধ্যে আমরা ৩২ জন নিহত ব্যক্তির তালিকা পেয়েছি। তারা শাপলা

চতুরেই নিহত হয়েছেন। নারায়ণগঞ্জ ও চট্টগ্রামেও হত্যাকাণ্ডের প্রমাণ পাওয়া গেছে। এ ছাড়া সে সময়কার সরকারের উর্ধ্বতনদের বা পুলিশের যারা জড়িত রয়েছেন, কিংবা অর্থের জোগান দিয়েছেন; তাদেরও আসামি করা হবে। তিনি আরও বলেন, শাপলা চতুরের এ মামলায় ৯০ শতাংশ তদন্ত শেষ হয়েছে। বাকি কাজও শিগগির সম্পন্ন করতে পারব। এরপর তদন্ত প্রতিবেদন হাতে পেলে যাচাই-বাছাই শেষে আনুষ্ঠানিক অভিযোগ (ফরমাল চার্জ) আকারে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দাখিল করা হবে। এ মামলায় গ্রেপ্তার হয়ে কারাগারে রয়েছেন ছয়জন। তারা হলেন- সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী শামসুল হক টুকু, মেজর জেনারেল (অব.) জিয়াউল আহসান, পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) একেএম শহিদুল হক, পুলিশের সাবেক উপ-মহাপরিদর্শক (ডিআইজি) মোল্লা নজরুল ইসলাম, একাত্তরের যাক-দালাল নির্মূল কমিটির উপদেষ্টামঞ্জুরী সভাপতি শাহরিয়ার কবির ও সাবেক ডিআইজি আবদুল জলিল মল্ল। গত ৫ এপ্রিল তাদের ট্রাইব্যুনালে হাজির করা হয়। একইসঙ্গে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য দুই মাস সময় চেয়ে আবেদন করে প্রসিকিউশন। পরে আগামী ৭ জুন প্রতিবেদন দাখিলের জন্য দিন ধার্য করেন ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্ত্তজা মজুমদারের নেতৃত্বাধীন বিচারিক প্যানেল। শাপলা চতুরের এ মামলায় আসামির তালিকায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক আইজিপি একেএম শহীদুল হক, সাবেক আইজিপি বেনজির আহমেদ, র‍্যাবের সাবেক অতিরিক্ত মহাপরিচালক জিয়াউল আহসান, ডিএমপির অতিরিক্ত কমিশনার (ডিবি) হারুন অর রশীদসহ আরও অনেকের নাম উঠে এসেছে।

জাকাত ও চাঁদা নিয়ে বিএনপি

ও প্রতিবাদ জানিয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামী। এক বিবৃতিতে এ নিন্দা জানায় দলটির সহকারী সেক্রেটারি জেনারেল এবং কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি আয়তভোকেট এহসানুল মাহবুব জুবায়ের। বিবৃতিতে বলা হয়, সম্প্রতি একটি বেসরকারি টেলিভিশনের টকশোতে বিএনপি নেত্রী ও সংরক্ষিত নারী আওয়ামলি লীগের সংসদ সদস্য নিলোফার চৌধুরী মনি ইসলামের অন্যতম ফরজ বিধান ও পবিত্র ইবাদত যাকাতকে তুচ্ছতাচ্ছিল্য করে চাঁদাবাজির মতো জঘন্য অপরাধের সঙ্গে তুলনা করেছেন। তার এই বক্তব্য শুধু দুঃখজনকই নয়, বরং এটি হোনের কোটি কোটি মুসলমানের ধর্মীয় অনুভূতিতে রক্ত আঘাত হানার শামিল। যাকাত ইসলামের গুরুত্বপূর্ণ অন্যতম, যা সমাজে অর্থনৈতিক ভারসাম্য প্রতিষ্ঠা, দারিদ্র্য বিমোচন এবং অসহায় মানুষের অধিকার নিশ্চিত করার মহান বিধান। পক্ষান্তরে, চাঁদাবাজি হলো জুলুম, অন্যায় ও অপরাধের প্রতীক। এ দুটিকে এক কাতারে আনা বা চাঁদাবাজিকে কোনেভাবে উত্তম হিসেবে উপস্থাপন করা রচয়ন দারিত্বহীনতা ও ধৃষ্টতার পরিচায়ক। আমি তাঁর এই বক্তব্যে গভীর উদ্বেগ প্রকাশ করছি এবং তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। জামায়াতে ইসলামীর এ নেতা আরও বলেন, দেশের মানুষ দীর্ঘদিন ধরে জুলুম, দুর্নীতি ও চাঁদাবাজির অবসান চেয়ে আসছে। হাজার-জনতার গণ-অভ্যুত্থানের পর জনগণের প্রত্যাশা ছিল-বাংলাদেশে ন্যায়ভিত্তিক ও স্বতন্ত্রসমুক্ত রাজনৈতিক সংস্কৃতি প্রতিষ্ঠিত হবে। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয়, এখনো বিভিন্ন মহল থেকে চাঁদাবাজিকে পরোক্ষভাবে বৈধতা দেওয়ার অপচেষ্টা অব্যাহত রয়েছে। এ ধরনের বক্তব্য সমাজে অপর্যাপ্তবহনতাকে উৎসাহিত করে এবং জনমনে বিভ্রান্তি সৃষ্টি করে। আয়তভোকেট এহসানুল মাহবুব জুবায়ের বলেন, বাংলাদেশের প্রচলিত আইন অনুযায়ী ধর্মীয় অনুভূতিতে আঘাত দেওয়া একটি শাস্তিযোগ্য অপরাধ। তাই নিলোফার চৌধুরী মনির উচিত অবিলম্বে তার বক্তব্য প্রত্যাহার করে জাতির কাছে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করা। একই সঙ্গে সংশ্লিষ্ট রাজনৈতিক দলকে এ বিষয়ে তাদের সম্পৃক্ত অবস্থান তুলে ধরার আহ্বান জানান তিনি। তিনি প্রশাসনের প্রতি ঘটনার সূত্র তদন্ত করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণেরও দাবি জানান।

প্রাথমিকে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার

চূড়ান্তভাবে নিয়োগের সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার ৩৮৪ জনের কেউ বাক পড়বে না বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. না ম হেছানুল হক মিলন। রোববার (৩ মে) বিকেলে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক (ডিসি) সন্মেলনের তৃতীয় অধিবেশন শেষে ব্রিফিংয়ে তিনি এ কথা জানান। শিক্ষামন্ত্রী বলেন, যদিও ১৪ হাজারের বেশি সহকারী শিক্ষক নিয়োগগতা তড়িঘড়ি করে করা হয়েছে। অনেক প্রশ্ন রয়েছে? তবুও আমরা কাউকে বাদ দিচ্ছি না। সবাই যোগদানের সুযোগ পাবে। তবে নাগাদ যোগদান হতে পারেডুএমন প্রশ্নে তিনি বলেন, খুব শিগগির। সচিবালয়ে গিয়ে কাইল খুলে দেখে এটা বলা যাবে। কি কি প্রসিডিউর বাকি আছে, সেটা দেখতে হবে। প্রসিডিউর শেষ হলেই যোগদান করানো হবে। সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের কিছু শর্তসাপেক্ষে যোগদান করানো হবে বলে মন্ত্রী আগেই জানিয়েছিলেন। সেসব শর্ত কি কি হতে পারেডুএমন প্রশ্নে শিক্ষামন্ত্রী বলেন, তাদের সহকারী শিক্ষক পদে নিয়োগ দেওয়া হয়েছে। তাদের এ কাজে নিয়োগ দেওয়া হয়েছে, তাতে তারা যোগ্য কি না, কোনো ঘাটতি আছে কি না, সেটা দেখা হবে। ধরুন, তাদের যোগদানের পর পিটিআইতে ট্রেনিং নেবে। সেখানে যদি তারা ফেল করে তাহলে তো আর শিক্ষক হতে পারবে না। ‘তাহাড়া সরকারি বিধিতে যেটা আছে যে, চাকরিতে যোগদানের পর তারা সাকসেসফুল (সফলভাবে) যদি দুই বছর পর করতে পারে, তাহলে তাদের রাখবে, পারামানে করবো। সবকিছুই করা হবে দেশের শিক্ষার স্বার্থে। আমরা সবাই চাই যোগ্য শিক্ষকরা নিয়োগ পাক, আমাদের সন্তানদের পড়াকড়ুয়াগ করেন শিক্ষামন্ত্রী। ব্রিফিংয়ে প্রধানমন্ত্রীর শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপদেষ্টা ড. মাহেদী আমিন, শিক্ষা সচিব আব্দুল খালেক, প্রাথমিক ও গণশিক্ষা সচিব মো. সাখাওয়াৎ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন। গত ৯ জানুয়ারি দেশের ৬১ জেলায় (পার্বত্য তিন জেলা ছাড়া) একযোগে সহকারী শিক্ষক নিয়োগে লিখিত পরীক্ষা (এমসিকিউ টাইপ) অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ৬৯ হাজার ২৬৫ জন প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়। গত ৮ ফেব্রুয়ারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের চূড়ান্ত ফল প্রকাশ করা হয়। এতে ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থীকে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। তাতে জেলাভিত্তিক উত্তীর্ণ প্রার্থীদের তালিকাও প্রকাশ করা হয়।

বাধ্যতামূলক অবসরে

পুলিশ কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। রোববার (৩ মে) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এক প্রজ্ঞাপনে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। এ নিয়ে গত দুই মাসে ৩৫ জন কর্মকর্তাকে অবসরে পাঠানো হলো। প্রজ্ঞাপনে বলা হয়, সরকারি চাকরি আইনের ৪৫ ধারার বিধান অনুযায়ী তাদের অবসরে পাঠানো হয়েছে। ওই ধারায় উল্লেখ রয়েছে, কোনো সরকারি কর্মচারীর চাকরির মেয়াদ ২৫ বছর পূর্ণ হওয়ার পর সরকার জনস্বার্থে প্রয়োজন মনে করলে কারণ দর্শানো ছাড়াই তাকে অবসরে পাঠাতে পারে। অবসরে পাঠানো কর্মকর্তাদের মধ্যে ডিআইজি পদমবান্দার রয়েছেন- অ্যাটি টেরিঞ্জম ইউনিটের মফিজ উদ্দিন আহমেদ, হাইওয়ে পুলিশের ইমতিয়াজ আহমেদ, সিআইডির হাবিবুর রহমান, পুলিশ অধিদপ্তরের সালেহু মোহাম্মদ তানভীর, জাতীয় নিরাপত্তা অধিদপ্তরের পরিচালক মো. হারুন-অর-রশীদ, পুলিশ স্টাফ কলেজের এস এম আভাকুজ্জামান, পিটিসি নোয়াখালীর কমান্ড্যান্ট মো. হায়দার আলী খান, পিটিসি খুলনার কমান্ড্যান্ট মো. মাহাবুবুর রহমান উইয়া, টুরিস্ট পুলিশের রফুল আমিন, হাইওয়ে পুলিশের রফিকুল হাসান গনি, নৌ পুলিশের মো. মিজানুর রহমান, রংপুর মেট্রোপলিটন পুলিশের পুলিশ কমিশনার (বর্তমানে সিআইডিভিতে বদলির আদেশপ্রাপ্ত) মো.

আব্দুল আজিজ, পুলিশ অধিদপ্তরের কাজী জিয়া উদ্দিন, রেলওয়ে পুলিশের গোলাম রউফ খান, পিটিসি রংপুরের কমান্ড্যান্ট শেখ মোহাম্মদ রেজাউল হায়দার, হাইওয়ে পুলিশের রথফার সুলতানা খানম, এ ছাড়া সুপারনিউমারারি অতিরিক্ত ডিআইজি পদমবান্দার রেলওয়ে পুলিশের পুলিশ সুপার ফারহাত আহমেদকেও অবসরে পাঠানো হয়েছে।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

সভা অনুষ্ঠিত হবে। সেদিন দাবির বিষয়ে ইতিবাচক সিদ্ধান্ত না হলে আমরা পুনরায় কঠোর আন্দোলনে যাব। তবে শিক্ষার্থীদের কোনো ক্ষতি যাতে না হয়, সেদিকে খেয়াল রেখে আমাদের আন্দোলন চলবে।’ এর আগে গত ২১ এপ্রিল থেকে শিক্ষকদের পদোন্নতির দাবিতে এ আন্দোলন শুরু হয়। শিক্ষকেরা প্রথমে কর্মবিরতি, শাটডাউন এবং সর্বশেষ ২৮ এপ্রিল সংবাদ সম্মেলনে সর্বাঙ্গিক অসহযোগ আন্দোলনের ঘোষণা দেন শিক্ষকেরা। এতে বিশ্ববিদ্যালয় কার্যত অচল হয়ে যায়। শিক্ষার্থীরা এতে নতুন করে সেশনজটের আশঙ্কায় আছেন। আন্দোলনরত শিক্ষকদের দাবি, এখানকার ৬০ শিক্ষকের সব যোগ্যতা অর্জনের পরও বিশ্ববিদ্যালয় প্রশাসন তাদের পদোন্নতি দিচ্ছে না। এতে শিক্ষকেরা তাদের কাজের মূল্যায়ন থেকে বছরের পর বছর বঞ্চিত হচ্ছেন। এ বিষয় নিয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের উপদান্নতাকে দায়ী করেন শিক্ষকেরা। ফলে ব্যাঘ্ হয়ে তারা ঐক্যবদ্ধ আন্দোলনে নেমেছেন। এই বিশ্ববিদ্যালয়ে বর্তমানে মাত্র একজন অধ্যাপক রয়েছেন। প্রতিষ্ঠার দেড় দশক পরও শিক্ষকসংকট প্রকট। প্রতিবছর শিক্ষার্থী ও বিভাগ বাড়লেও পদোন্নতির প্রক্রিয়া খুলে থাকায় পরিষ্কার আরও জটিল হয়েছে। বর্তমানে পদোন্নতির অপেক্ষায় আছেন ৬০ জন শিক্ষক। এর মধ্যে ২৪ জন সহযোগী অধ্যাপক, ৩০ জন সহকারী অধ্যাপক ও ৬ জন প্রভাষক। তবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তৌফিক আলম আন্দোলনরত শিক্ষকদের এসব অভিযোগ অস্বীকার করে বলেছেন, ‘এতে কারও গাফিলতি আছে বলে আমার মনে হয় না। শিক্ষকদের সঙ্গে আমাদের বৈঠক হয়েছে এবং সমস্যা সমাধানে আন্তরিকতাপূর্ণ আলোচনা হয়েছে।’

ভর্তি পরীক্ষায় প্রথম মেধাতালিকায়

স্থান পেয়েছেন ২ লাখ ২৯ হাজার ৭৭৫ জন। যার মধ্যে মার্নারিক বিভাগের ১ লাখ ১৩ হাজার ৩৯৪ জন, জীববিজ্ঞানের ৬৫ হাজার ৩৩৭ জন এবং ব্যবসায় শিক্ষা বিভাগের ৫১ হাজার ৩৪ জন শিক্ষার্থী রয়েছেন। গত ২৫ এপ্রিল সারা দেশের ১৩৮টি কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে অংশ নিতে আবেদন করেছিলেন ৪ লাখ ৫৩ হাজার ১৪৮ জন ভর্তিচ্ছু। অন্যদিকে, বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৩১টি বিভাগে ৮৮০টি কলেজে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে মোট শূন্য আসন রয়েছে ৪ লাখ ৫২ হাজার ৮৭৫টি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফলাফল দুইভাবে দেখা যাবে। প্রথমত, মোবাইল ফোনে ক্ষুদ্রবর্তার (এসএমএস) মাধ্যমে ফল জানা যাবে। সেক্ষেত্রে ফোনের বার্তা অপসনে গিয়ে NU ATHN Roll No লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফরিত বার্তায় ফলাফল জানানো হবে। তিথীতত, ভর্তি পরীক্ষার ওয়েবসাইট থেকে ফল জানা যাবে। এ ক্ষেত্রে ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনকারীর পিন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। এরপর প্রত্যাবর্তিত থেকে ‘ফলাফল’ অপশন নির্বাচন করলে ফলাফল দেখা যাবে এবং তা নামিয়ে (ডাউনলোড) বা ছাপিয়ে (প্রিন্ট) রাখা যাবে। প্রথম মেধা তালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রবেশ করে চূড়ান্ত ভর্তির ফরম পূরণ করতে হবে। এরপর ১ হাজার ১৩০ টাকা নিবন্ধন ফি পরিশোধ করতে হবে। সর্বশেষ নির্বাচিত কলেজে চূড়ান্ত ভর্তি ফরম, নম্বরপত্র (মার্কশিট) ও ছবি জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

মে মাসে ঘূর্ণিঝড়ের আভাস

তীব্র কালবৈশাখি ঝড়সহ বৃষ্টি/বঙ্গসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তবে এ মাসে দিন এবং রাতের তাপমাত্রা স্বাভাবিক থাকতে পারে। তাপপ্রবাহের বিষয়ে বলা হয়েছে, এ মাসে দেশে ১-৩ টি মৃদু (৩৬-৩৭.৯ সেলসিয়াস)/মাঝারি (৩৮-৩৯.৯ সেলসিয়াস) যার মধ্যে ১টি তীব্র (৪০-৪১.৯ সেলসিয়াস) তাপপ্রবাহ বয়ে যেতে পারে। নদ-নদীর অবস্থায় বলা হয়েছে, দেশের প্রধান নদ-নদীগুলোতে স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে। তবে বিচ্ছিন্ন ভাৱী বৃষ্টিপাতের পরিস্রোত্রেও দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের নদী সমূহের পানি সমতল সময় বিশেষে বৃদ্ধি পেতে পারে। অন্যদিকে, গত এপ্রিল মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা বেশি ৭৫.৭ শতাংশ বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। স্বাভাবিকি বিভাগে স্বাভাবিক বৃষ্টিপাত এবং বাকি বিভাগগুলোতে স্বাভাবিক অপেক্ষা বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে বলে জানিয়েছে সংস্থাটি।

মাঠ পর্যায়ে ঝুলে আছে

এনআইডির তথ্যানুযায়ী, মাঠ পর্যায়ে মোট পেংথি আবেদন ৬৭ হাজার ৮৬৪টি। এর মধ্যে ক-১ ক্যাটাগরিতে রয়েছে ১ হাজার ২৭৩টি, ক ক্যাটাগরিতে রয়েছে ১৬ হাজার ১৬ হাজার ৪২১টি, খ-১ ক্যাটগরিতে রয়েছে ৫ হাজার ৭২৫টি, খ ক্যাটাগরিতে রয়েছে ২৫ হাজার ৩১৮টি এবং গ ক্যাটাগরিতে রয়েছে ১১ হাজার ১২৭টি। এর আগে, গত ১২ ফেব্রুয়ারি রোয়াশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হওয়ার নির্বাচন কমিশনের সব পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীরা নির্বাচন সংশ্লিষ্ট কাজে ব্যস্ত থাকায় এনআইডির সংশোধন আবেদন গোয়েতাে স্বাভাবিক অপেক্ষা বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে বলে জানিয়েছে সংস্থাটি।

আমতলীতে দেড় কেজি

(এক দশমক পাঁচ) কেজি গাঁজাসহ মোঃ আজিজুল হক আল ইমরান (২৫) নামে ০১(এক) মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ সালের ৩৬(১) সারনীর ১৯(ক) ধারায় এসআই (নিরস্ত) বিকাশ কর্মকার বাদী আমতলী থানায় এজাহার দায়ের করা হয়েছে। মোঃ আজিজুল হক আল ইমরান (২৫) ব্রুক্রুয়া ইউনিয়নের পশ্চিম কৃষ্ণনগর গ্রামের মোঃ ফোরকান গাঝার ছেলে।

কবীর্ভনাথানা

আত্মজবাবী গ্রন্থিভবন

ভাণ্ডারিয়ায় লাখ টাকার কলা

প্রতিপক্ষ প্রতিবেশি মো. ছালাম হাওলাদার, তার ছেলে মো. মিরাজ হাওলাদার ও মো. রিয়াজ হাওলাদার পূর্ব শত্রুতা পূরণের জন্য কলা গাছ এবং পেপে গাছ কেটে ফেলেছে। এসময় আলাপ কালে এি ওয়ার্ডের ইউপি সদস্য মো. সোহেল হাওলাদালের মেঝ ভাই মো. সোহাগ হাওলাদার, স্থানীয় মো. মাহদি হাসান,মো. ইয়াছিনসহ একাধিক নারী-পুরুষের সাথে আলাপকালে তারা জানান, ঘটনার এক দিন আগে ঝাল মুড়ি বিক্রেতা মো. শাহ আলম হাওলাদের ছেলে চাচা ছালাম হাওলাদারের নারিকেল গাছের চরাটি ভেগা কেটে ফেলে। সে ঘটনায় স্থানীয়রা মো. ছালাম হাওলাদার ক্ষতি পূরন দেয়ার কথা বলার পরেও তারা সে কথা না রেখে হত দরিদ্র শাহ আলম হাওলাদারের ফলদ কলা গাছ এবং এি ভিটায় থাকা ছোট ছোট পেপে গাছ কেটে ফেলেছে। এসময় স্থানীয় একাধিক নারী-পুরুষ তা বাধা দেয়ার চেষ্টা করলে তাদের দিকে দেশীয় অস্ত্র (দা) নিয়ে তেড়ে আসার ফলে তারা আর কোন কথা বলেনা। এ ঘটনায় শনিবার বিকালে অভিযুক্তদের সাথে যোগাযোগের চেষ্টা করা হলে তা সম্ভব হয়নি। এদিকে ঝাল মুড়ি বিক্ৰী করে কিছু টাকা সম্বয় করে ছোট ছোট দুই প্রুটে ১২৫টি কলা কলাসহ গাছ এবং ক্ষেতে থাকা পেপে গাছ কাটার কথা স্বীকার করেন শাহ আলম। আর ১০/৫দিন পর লক্ষাধিক টাকার কলা বিক্রী করতে পারত বলে জানান তিনি। কল্যা জড়িত কর্তে শাহএ আলম জানান,তিল তিল করে জমানো অর্থ দিয়ে একটু লাভের আশায় কলা ক্ষেত করে ছিলেন। তুচ্ছ ঘটনায় তার স্বপ্ন শেষ হলো !! এখন সে কি করে এই ক্ষতি পুথিয়ে উঠবেন তা জানেননা। এ ঘটনায় তিনি স্থানীয় পণ্যম্যনা বাক্তিসহ প্রশাসনের কাছে সৃষ্ট বিচারের দাবিও জানান।

গিনেস বুকে নাম লেখালেন

তিনি। গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস কর্তৃপক্ষের কাছ থেকে স্বীকৃতি আসে গত ২৮ এপ্রিল। সিফাত আকন জানান, বছর চারেক আগে পত্রিকায় গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসসংক্রান্ত একটি প্রতিবেদন সিফাতের চোখে পড়ে। কৌতূহল থেকে খোঁজখবর নিতে শুরু করেন। জানতে পারেন, বাংলাদেশেও কারও কারও এ রকম রেকর্ড আছে। সিফাতও তাই পরিকল্পনা শুরু করেন। তখন ছিল করোনাকাল, তাই মাস্কসংক্রান্ত কিছু করার কথাই সবার আগে মাথায় এমেনিছিল। ঠিক করেন, মাস্ক পরে রেকর্ড গড়বেন। তিনি জানান,এই রেকর্ডটা প্রথম করেছিলেন একজন ভারতীয়। তিনি সম্ভবত ১১ দশমিক ৫৪ সেকেন্ডে করেছিলেন। তখনই আমি রেকর্ড ব্রেকের (ভাঙা) কথা চিন্তা করি। কিন্তু ইচ্ছা থাকলেও কোথাও প্রয়োজনীয় দিকনির্দেশনা পাই নাই। গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস সম্পর্কে ধারণা পেতে ফেসবুক, ইউটিউবে ঘাঁটখাঁচি শুরু করেন। সেখানেও কোনো পূর্ণাঙ্গ ‘গাইডলাইন’ মেলেনি। সিফাত জানান, যারা আগে রেকর্ড করেছেন, তাদের ই-মেইলে বার্তা পাঠিয়ে প্রক্রিয়া জানতে চেয়েছেন। তবে ই-মেইলেও যথার্থ সাড়া পাননি। মূল সমস্যাটা হলো ইনফরমেশন। গাইডলাইনটা ঠিকমতো পাওয়া যায় না। আর প্রসেসটা (প্রক্রিয়া) অনেক লম্বা। সবসহ প্রায় ৯ মাস লাগে। উচ্চমাধ্যমিক পরীক্ষার পর লম্বা ছুটিতে আটঘাট বেঁধে শুরু হয় অনুশীলন। সিফাত জানানেন, শুরুর দিকে ২৫-২৬ সেকেন্ড লেগে যেত। মারশ, চ্যালেঞ্জ মূলত দুটি। প্রথমত চোখ ঝাঁপা থাকার কারণে কাছ হতে তুলে নিতে সময় লেগে যায়। দ্বিতীয়ত, মাস্কটি ঠিকভাবে পরাও কঠিন। অনুশীলনের সময় মা, ছোট ভাই আর বন্ধু ইমনের উৎসাহ পেয়েছেন সিফাত। ১৮ জানুয়ারি প্রয়োজনীয় নথিসহ গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসের জন্য আবেদন করেন এই তরুণ। তিন মাস পর ২৮ এপ্রিল রাতে ই-মেইলে রেকর্ডকে স্বীকৃতি দেয় গিনেস। ‘খবর শুনে সিফাতের চোখেও বেশি খুশি হয়েছিলেন তার মা। সিফাত উচ্চমাধ্যমিক পাস করেছেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ে স্নাতকো পড়তে চান। সিফাতের বাবা আবদুল জলিল বনরক্ষীর চাকরি করেন। আর মা গৃহিণী। মা বেগম সুম্মা জানান, সামনে সিফাতের আরও রেকর্ড গড়ার ইচ্ছা। এতে মিনিটে সর্বোচ্চসংখ্যক মানুষকে জড়িয়ে ধরার রেকর্ড নিয়ে ভাবছেন তিনি। করতে চান এক মিনিটে সর্বোচ্চ ‘হ্যাভশেক’-এর রেকর্ডও। সিফাতের বাবা জলিল আকন জানান, তার ছেলের সাফল্যে খুশি। গর্বের বিষয় সে ১০ সেকেন্ডে দশটি সার্জিক্যাল মাস্ক পরিধান করে রেকর্ড ভেঙেছে। ভবিষ্যতে আরও ভালো কিছু করবে এই প্রত্যাশা করেন। সিফাতের বন্ধুরা জানান, নয় মাস ধরে সে পেশার মন করেছে। মানুষ হাসাহাসি করছে। ছেলেটি পাগলের মতন কি করছে। আজ ভরাই উৎসাহ দিয়েছে। শুরু থেকে আমার বন্ধুরা তাকে সাহস ও সাহায্য করেছে। ২৪ নং নিজ ফুলজুড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়-এর সহকারী শিক্ষক মামুন হোসেন জানান, সিফাত আমাদের এলাকারই সন্তান। অনেক অধ্যাবসায়্য করার ফলে তিনি ১০ সেকেন্ডে ১০ টি সার্জিক্যাল মাস্ক পরিধান করে বিশ্ব রেকর্ড করেছেন, এটি আমাদের এলাকার গর্ব। আমি ওর রেকর্ডটি নিজ চোখে দেখেছি। ভবিষ্যতে ভালো কিছু করতে পারে এটিই প্রত্যাশা করি।

ইরানের সঙ্গে চুক্তি হওয়ার

সামরিকদের সঙ্গে আলাপকালে ট্রান্স আবারও সামরিক হামলার হুমকি দেবে। তিনি বলেন, ইরান যদি কোনো ‘অসদাচরণ’ করে, তাহলে যুক্তরাষ্ট্র পরিস্থিতি অনুযায়ী ব্যবস্থা নেবে। ইরানের পক্ষ থেকে ১৪ দফার একটি প্রস্তাব দেওয়া হয়েছে, যেখানে ৩০ দিনের মধ্যে যুদ্ধ শেষ করার পরিকল্পনা তুলে ধরা হয়েছে। এতে অবরোধ তুলে নেওয়া, জঙ্গ সম্পদ ধ্বংস দেওয়া, ভবিষ্যতে হামলা না করার নিশ্চয়তা এবং হরমুজ প্রণালি খুলে দেওয়ার দাবি রয়েছে। তবে পারমাণবিক কর্মসূচি নিয়ে আলোচনা পরে করার প্রস্তাব দিয়েছে তেহরান। বিশ্বের প্রায় ২০ শতাংশ তেল ও গ্যাস পরিবহন হয় হরমুজ প্রণালি দিয়ে। যুদ্ধ ও মার্কিন নৌ-অবরোধের কারণে এই পথ এখনো অনেকটাই ব্যাহত, যা বিশ্ব জ্বালানি বাজার ও সরবরাহ ব্যবস্থার ওপর চাপ সৃষ্টি করছে। এদিকে ইরান হরমুজ প্রণালিতে নতুন নিয়ন্ত্রণ ব্যবস্থা চালুর জন্য একটি আইন প্রণয়নের প্রস্তুতি নিচ্ছে। এতে ইসরায়েলি জাহাজের ওপর স্থায়ী নিষেধাজ্ঞা এবং ‘শত্রু’ দেশগুলোর জাহাজের ওপর সীমাবদ্ধতা আরোপের প্রস্তাব রয়েছে।

হরমুজ প্রণালিকে মার্কিন বাহিনীর

একই সঙ্গে এই জলপথকে মার্কিন বিমানবাহী রণতরী ও সৈন্যদের ‘কবরস্থানে’ পরিণত করার হুমকি দিয়েছেন তিনি। রোববার সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বিবৃতিতে তিনি বলেছেন, “যুক্তরাষ্ট্র বিশ্বের একমাত্র জলদস্যু; যাদের বিমানবাহী রণতরী আছে। জলদস্যুদের মোকাবিলা করার সক্ষমতা আমাদের যুদ্ধজাহাজ ডুবিয়ে দেওয়ার সক্ষমতার চেয়ে অনেক অংশে কম নয়।” গত মাসে মার্কিন বিমান বাহিনীর একটি এফ-১৫ই যুদ্ধবিমান আইআরজিসির ভূগাতিত করার ঘটনার কথা জানিয়ে তিনি বলেছেন, “আপনাদের রণতরী এবং বাহিনীকে কবরস্থানের মুখোমুখি হওয়ার প্রস্তুত রাখুন; ঠিক যেভাবে আপনাদের বিমানের ধ্বংসাবশেষ ইসফাহানে পড়ে ছিল।” এদিকে, আইআরজিসির গোয়েন্দা শাখার এক বিবৃতিতে বলা হয়েছে, “যুক্তরাষ্ট্রের সিদ্ধান্ত নেওয়ার সুযোগ সঞ্কচিত হয়ে এসেছে।” ইরানের বিপ্লবী পার্ভ বাহিনীর গোয়েন্দা শাখা বলেছে, দেশের বন্দরগুলোতে মার্কিন সামরিক অবরোধ শেষ করার জন্য তেহরান একটি সম্মেলীমা বৈশে দিয়েছে। এছাড়া ওয়াশিংটনের বিরুদ্ধে চীন, রাশিয়া এবং ইউরোপের অবস্থানের পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। এক্সে দেওয়া পোস্টে তারা বলেছে, “এর একটিই ব্যাখ্যা হতে পারে, ট্রান্সপেক্ট হয় অসম্ভব সামরিক অভিযান অথবা ইসলামি প্রজাতন্ত্র ইরানের সঙ্গে বাজে টুক্রির মধ্যে কোনোকি একটি বেছে নিতে হবে। যুক্তরাষ্ট্রের সিদ্ধান্ত নেওয়ার সুযোগ

সংকুচিত হয়ে গেছে।”

মুক্ত গণমাধ্যম দিবসে

সভাপতিত্বে বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখেন, প্রেসক্লাবের সাবেক সভাপতি কেএম আজাদ রহমান, নির্বাহী সদস্য মো.সাইফুল ইসলাম রব, সহ-সভাপতি মো.মাসুম হাওলাদার, সাধারন সম্পাদক এফএম নাজমুল রিপন, আকাশ মাহামুদ, মোঃ রাসেল সরদার, উপেদনাত্ত বিশ্বাস, মনিরুজ্জামান মনির, আশরাফ উদ্দিন, জগদীশ মন্ডল, ইদ্রিস খান, বিপ্লব গাইন, সাজ্জাদ হাওলাদার, মৃদুল দাস, মানিক হাওলাদার, সৈকত বাউড়ে, বিকাশ রায়, ভাসজিদ হায়দার সাজিদ প্রমুখ।

ক্ষমতার দাপটে জমি দখল

বরিশাল মুক্তিযোদ্ধা সংসদ কার্যালয়ের অফিস সহকারী হিসেবে কর্মরত থেকে প্রভাব বিস্তার করে ভুক্তভোগীদের হয়রানি করছেন বলে অভিযোগ পাওয়া গেছে। অভিযোগে সূত্রে আরও জানা গেছে, কাশিপুরের ২৯ নম্বর ওয়ার্ডের ইছাকারী মৌজার বিভিন্ন খতিয়ান ও দাগভুক্ত প্রায় ২ একর ১৯ শতাংশ জমির মালিক ছিলেন মৃত নুরুল আলম, খোরশেদ আলম ও ফকৈর আলম। পারিবারিকভাবে জমি বন্টনের সময় ভুলবশত নুরুল আলমের নামে কিছু বেশি জমি রেকর্ড হয় বলে দাবি করেন অভিযোগকারী। পরবর্তীতে পারিবারিক সমঝোতার ভিত্তিতে জমির একটি অংশ বোন মমতাজ বেগমকে দান করা হয়, যেখানে তিনি বসবাস বন্ধ করেন। মমতাজ বেগমের মৃত্যুর পর ওই জমি উত্তরাধিকারীদের মধ্যে বন্টন হয়। বর্তমানে সেখানে মাহমুদা বেগম তার পরিবারসহ বসবাস করে আসছেন। তবে ২০১৫ সালে মাহমুদা বেগমের ছেলে ফয়সাল আহমেদ তার খালাদের কাছ থেকে কিছু জমি হেবা দলিলের মাধ্যমে গ্রহণ করেন এবং পরবর্তীতে অভিরিক্ত জমির দাবি করেন বলে অভিযোগ ওঠে। শাহারা জানান অভিযোগ করেন, জমির রেকর্ড সংশোধনের প্রক্রিয়া চলামান থাকা সত্ত্বেও ফয়সাল আহমেদ তার চাকরির প্রভাব খাটিয়ে প্রশাসনের বিভিন্ন মহলকে ব্যবহার করছেন। তিনি বরিশাল মুক্তিযোদ্ধা সংসদ কার্যালয়ের অফিস সহকারী হিসেবে কর্মরত থেকে প্রভাব বিস্তার করে তার ও তার দুই বোনের বিরুদ্ধে একের পর এক মিথ্যা মামলা দায়ের করে হয়রানি করছেন বলেও অভিযোগে উল্লেখ করা হয়। এ বিষয়ে গত ১১ অক্টোবর ২০২৩ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়ে একটি অভিযোগ দাখিল করা হলেও তা তদন্ত হয়নি বলে দাবি করেন ভুক্তভোগী। পরবর্তীতে পুনরায় লিখিত অভিযোগ দিয়ে প্রশাসনের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন তিনি। এ বিষয়ে অভিযুক্ত ফয়সাল আহমেদ জানান, আমি তাদেরকে কোন হয়রানি করছি না। আদালতে ওই জমি নিয়ে মামলা চলছে। আদালত যে সিদ্ধান্ত দেবে আমি তাই মেনে নেব। ভুক্তভোগী পরিবার জানান, জমি নিয়ে মামলা হওয়ার আগেই তারা ওই জমি ক্রয় করেন। জমি ক্রয়ের সময় কোন মামলা ছিল না বলেও তাদের দাবি। তারা প্রশাসনের কাছে নিরপেক্ষ তদন্তের মাধ্যমে সঠিক বিচার নিশ্চিত করার দাবি জানিয়েছে।

চার দফা দাবিতে বিএম

নেতৃবৃন্দরা। এ বিষয়ে বিএম কলেজের অধ্যাপক ড. শেখ মো. তাজুল ইসলাম বলেন, লেশন ফি বছরে একবার নেওয়া হয়। এটা বেশি নেওয়ার কোনো সুযোগ নেই, কারণ কোন খাতে কয় টাকা নেওয়া হবে সেটা নির্ধারণ করে দেওয়া হয় শিক্ষা মন্ত্রণালয় থেকে। এটি মিনিট যাতে তারা বুঝতে পারে, সেই জন্য শিক্ষার্থীদের সঙ্গে আমি বসে আলোচনা করছি।

বোরহানউদ্দিনে জেলেনের প্রণোদনা

জেলেনের সহায়তার জন্য সরকার নিয়মিতভাবে চাল ও আর্থিক প্রণোদনা প্রদান করে থাকে। কিন্তু এবারের তালিকা প্রণয়ন ও বিতরণ প্রক্রিয়া নিয়ে শুরু থেকেই নানা প্রশ্ন উঠেছে। অভিযোগ রয়েছে, তালিকা তৈরির ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখা হয়নি এবং প্রকৃত জেলেনের বাদ দিয়ে অযোগ্য ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা হয়েছে। ভুক্তভোগী জেলেনের অভিযোগ, অনেক প্রকৃত জেলে বছরের পর বছর নারীতে মাদ্র ধরে জীবিকা নির্বাহ করলেও তারা এবারের প্রণোদনা তালিকায় স্থান পাননি। অন্যদিকে, যারা জেলে নন বা ভিন্ন পেশায় জড়িত, তাদের নাম তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। এতে করে প্রকৃত দরিদ্র ও অসহায় জেলেরা সরকারি সহায়তা থেকে বঞ্চিত হচ্ছেন। জেলেনের আরও অভিযোগ, তালিকা প্রণয়নের সময় স্বজনপ্রীতি এবং স্থানীয় প্রভাবশালীদের প্রভাব কাজ করেছে। কিছু ক্ষেত্রে প্রভাবশালী ব্যক্তি বা তাদের পরিচিতির নামে তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে বলে দাবি করেন তারা। এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমেও বিভিন্ন ভিডিও ও পোস্ট ছড়িয়ে পড়েছে, যেখানে জেলেরা সরাসরি তাদের ক্ষোভ প্রকাশ করেছেন।?একজন ক্ষতিগ্রস্ত জেলে বলেন, “আমরা বছরের পর বছর নদীতে মাছ ধরি, কিন্তু এবার তালিকায় আমাদের নাম নেই। অথচ যারা কখনো মাছ ধরে না, তারা প্রণোদনা পাচ্ছে।” আরেকজন জেলে অভিযোগ করে বলেন, “তালিকা তৈরির সময় আমাদের সঙ্গে কোনো ধরনের যাচাই-বাছাই করা হয়নি। যারা প্রভাবশালী, তারাই সুবিধা নিয়েছে।” এদিকে, অভিযোগের কেন্দ্রবিন্দুতে রয়েছে উপজেলা মৎস্য কর্মকর্তার ভূমিকা। স্থানীয়দের দাবি, তার তত্ত্বাবধানে তালিকা প্রণয়ন হওয়ায় এ অনিয়মের দায় এড়ানো যায় না। তবে এ বিষয়ে উপজেলা মৎস্য কর্মকর্তা মনিজ কুমার সাহার সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলো তিনি ফোন রিসিভ করেননি। ফলে তার কোনো বক্তব্য পাওয়া যায়নি।?সচেতন মহল মনে করছেন, বিষয়টি দ্রুত তদন্ত করে প্রকৃত জেলেনের প্রাপ্য নিশ্চিত করা জরুরি। অন্যথায় সরকারের এই মানবিক সহায়তা কর্মসূচি তার উদ্দেশ্য পূরণে ব্যর্থ হবে এবং সাধারণ জেলেনের মধ্যে অসন্তোষ আরও বাড়বে। এ বিষয়ে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন ভুক্তভোগী জেলেরা। তারা সুস্থ তদন্তের মাধ্যমে অনিয়মের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং প্রকৃত জেলেনদের তালিকা পুনর্নির্ধারণের দাবি জানিয়েছেন।

কাউখালীতে অভিযানে তিন

উপস্থিত ছিলেন উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মো. নুরুল আমিন বখতিয়ার এবং আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশের একটি দল। অভিযান শেষে সহকারী পরিচালক দেবাশীষ রায় জানান, মেয়াদ উত্তীর্ণ ওষুধ সংরক্ষণ এবং অব্যাহতকর পরিবেশে খাদ্যপণ্য বিক্রির অভিযোগে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে এসব জরিমানা করা হয়েছে।

বরগুনা-১ আসনের এমপি

হয়েছি মানুষের সেবা করার জন্য। বুড়িরচরসহ উপকূলীয় অঞ্চলের মানুষের দীর্ঘদিনের সমস্যা সমাধানে আমি আন্তরিকভাবে কাজ করে যাছি। জনগণের অধিকার প্রতিষ্ঠা ও এলাকার উন্নয়নে সবাইকে সঙ্গে নিয়ে কাজ করতে চাই।’ এলাকার নদীভাঙন, রাষ্ট্রাটলট উন্নয়ন ও সামগ্রিক অবকাঠামোগত উন্নয়নের প্রসঙ্গ তুলে তিনি আরও বলেন, ‘পায়রা নদীর ভাঙনে এ অঞ্চলের মানুষ চরম দুর্ভোগের মধ্যে রয়েছেন। ভাঙনযেধে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে আলোচনা করা হবে। পাশাপাশি এলাকার ক্ষতিগ্রস্ত সড়ক সংস্কার, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং টেকসই বাঁধ নির্মাণে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে।’ তিনি আরও বলেন, ‘উপকূলীয় অঞ্চলের মানুষের জীবনায়ন সমস্যায় শিক্ষা, স্বাস্থ্যসেবা ও কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির দিকেও গুরুত্ব দেওয়া হবে।’ সংঘর্ষনা অত্রুতান শেষে সংঘদ সদস্য মোঃ আলিউল্লাহ পায়রা নদীর ভাঙন কবলিত এলাকা পরিদর্শন করেন। এ সময়

স্থানীয় বাসিন্দারা নদীভাঙনের কারণে তাদের দুর্ভোগ ও ক্ষয়ক্ষতির বিভিন্ন দিক তুলে ধরেন। পরিদর্শনকালে তিনি বলেন, ‘নদীভাঙন উপকূলের মানুষের জন্য একটি বড় দুর্ভোগ। এজন্যরোহে দ্রুত ও স্থায়ী ব্যবস্থা গ্রহণ জরুরি। আমি বিষয়টি জরুরি পর্যায়ে তুলে ধরে কার্যকর পদক্ষেপ গ্রহণের চেষ্টা করবো, যাতে মানুষের ঘরবাড়ি ও ফসলি জমি রক্ষা করা যায়।’

পাথরঘাটায় ৫১০ ইয়াবাসহ

শনিবার রাতে তাঁর বাসায় মাদকবিরোধী অভিযান চালায় পুলিশ। এ সময় অভি়র ঘর থেকে ৫১০টি ইয়াবা এবং মাদক বিক্রির নগদ ১০ হাজার টাকা উদ্ধার করা হয়। পাথরঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. এনাযুল হক জানান, নিয়মিত অভিযানের অংশ হিসেবে এই অভিযান পরিচালনা করা হয়। উদ্ধার মাদক ও টাকার বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে। এই ঘটনায় তাঁর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

চরফ্যাশনে সুপেয় পানির সংকট

নলকূপের মধ্যে প্রায় ২ হাজার ৫০০টি এরই মধ্যে অক্জেজ। অন্যদিকে ব্যক্তি মালিকানাধীন লক্ষাধিক নলকূপের মধ্যে ৪০ হাজারের বেশি নলকূপে উঠছে না পানি। পানির এ সংকটে দুর্ভোগে উপজেলার প্রায় ১ লাখ ৮১ হাজার মানুষ। পানির সংকটে পড়া পরিবারগুলোকে এখন দূর-দূরান্ত থেকে সুপেয় পানি সংগ্রহ করতে হচ্ছে। অনেক সময় বাধা হয়ে পুকুরের পানি ব্যবহার করছেন তারা। এতে বাড়ছে স্বাস্থ্যঝুঁকি। পানি না থাকায় সুপেয় পানির অভাবে স্বভাবিক জীবন যাপনে প্রতিদিন্যত সমস্যায় পরতে হচ্ছে বলে জানান স্থানীয়রা। ভোলা চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. শোভন বসাক বলেন, ‘পানি বাহিত যে সব রোগগুলো হয়; ডায়রিয়া, টাইফয়েড জ্বর, পাতলা পায়খানাসহ বিভিন্ন রোগের প্রাথমিক দিন দিন বেড়ে যাচ্ছে।’ অভিযোগ রয়েছে, প্রভাবশালী ব্যক্তিতা উপজেলার বিভিন্ন পৌরসভায় স্থাপন করেছে ১০০টির বেশি উচ্চক্ষমতাসম্পন্ন সাবমার্সিবল সেচ পাম্প। এসব পাম্প থেকে প্রতিদিন উত্তোলন করা হচ্ছে প্রায় ৮ লাখ ৬ হাজার লিটার পানি, যা সরাসরি প্রভাব ফেলেছে ভূগর্ভস্থ পানির স্তরের ওপর। এদিকে অবৈধ সাবমার্সিবল পাম্প মালিকদের সঙ্গে আলোচনা করে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার কথা জানিয়েছে উপজেলা প্রশাসন। ভোলার চরফ্যাশন উপজেলার নির্বাহী অফিসার এমদাদুল হোসেন বলেন, ‘কৃষি বিভাগ, বিআরডিসিও কৃষকদের নিয়ে ঘটনা স্থল পরিদর্শন করে আমরা ব্যবস্থা নেব।’ অবৈধ সেচ পাম্প নিয়ন্ত্রণ ও টেকসই পানি ব্যবস্থাপনা নিশ্চিত না করলে চরফ্যাশনে সুপেয় পানির সংকট আরও প্রকট হওয়ার আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা।

কলাপাড়ায় মাটির নিচ থেকে

করকে গুণ বেড়ে যায়। একই সঙ্গে মাটির নিচ থেকে বৃন্দ বৃন্দ আকারের বায়ু বা গ্যাসের মতো কিছুর উপস্থিতি টের পাওয়া যায়। খবরটি ছড়িয়ে পড়লে আশপাশের গ্রামের মানুষ উৎসুক হয়ে মাঠে ভিড় জমাতে শুরু করেন। অনেককে কোদাল হাতে মাটি খুঁড়ে শব্দের কারণ খোঁজার চেষ্টা করতে দেখা গেছে। গ্রামবাসী জানিয়েছেন, মাটির নিচ থেকে এমন আওয়াজ স্বভাবিক নয়। এটি কোনো খনিজ সম্পদ বা প্রাকৃতিক গ্যাসের খনি হতে পারে বলে তাঁরা ধারণা করছেন। অনেকেই অজানা আতঙ্কে পুলিশের জরুরি সেবা নম্বর ৯৯৯-এ কল করে বিষয়টি অবহিত করছেন। পটুয়াখালী সরকারি কলেজের মুন্সিা বিজ্ঞান বিভাগের প্রভাষক আল-আমিন গাজি এই বিষয়ে জানান, মাটির উপরিভাগের কাছে প্রাকৃতিক গ্যাস থাকার সম্ভাবনা কম থাকলেও এটি মিথেন গ্যাসের উপস্থিতি হতে পারে। যেহেতু পার্শ্ববর্তী জেলা ভোলায় গ্যাসের সন্ধান পাওয়া গেছে, তাই এই স্থানে জীবাশ্ম জ্বালানির কোনো অস্তিত্ব আছে কি না, তা গুরুত্বের সাথে পরীক্ষা করা উচিত। কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ইয়াসিন সাদিক জানিয়েছেন, স্থানীয়দের দাবির প্রেক্ষিতে বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে। মাটির নিচে প্রাকৃতিক কোনো সম্পদের অস্তিত্ব আছে কি না, তা নিশ্চিত করতে অধিকতর সার্চে বা কারিগরি পরীক্ষার জন্য জেলা প্রশাসনের মাধ্যমে উদ্যোগ নেওয়া হবে। বর্তমানে পরিস্থিতি পর্যবেক্ষণে রাখা হয়েছে এবং উৎসুক জনতাকে আতঙ্কিত না হওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

আট মাস পর ঘুরে দাঁড়ালো রণ্ডানি

মাসে রণ্ডানি আয় ছিল ৩০১ কোটি ডলার। এছাড়া চলতি বছরের মার্চ মাসে রণ্ডানি আয় ছিল ৩৪৮ কোটি ডলার, যার তুলনায় এপ্রিলে আয় বেড়েছে ১৫ দশমিক ২০ শতাংশ। রণ্ডানি আয় বৃদ্ধির প্রসঙ্গে ব্যাখ্যা করে নিট পোশাকশিল্প মালিকদের সংগঠন বিকেএমইএ ও এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ইএবি) সভাপতি মোহাম্মদ হাতেম বলেন, এপ্রিল মাসে তৈরি পোশাক খাতে যে প্রবৃদ্ধি দেখা গেছে, তা মূলত আগের মাসে রণ্ডানি কম হওয়ার প্রতিফলন। তিনি জানান, মার্চ মাসে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে প্রায় ১০ দিনের দীর্ঘ ছুটির কারণে করখানাগুলোর উৎপাদন ব্যাহত হয়, ফলে রণ্ডানি কমে যায়। ওই সময় যেসব পণ্যের চালান পাঠানো সম্ভব হয়নি, সেগুলোর একটি বড় অংশ এপ্রিল মাসে শিপমেন্ট হওয়ায় রণ্ডানি আয় বেড়েছে। তবে বাস্তবে নতুন করে অতিরিক্ত অর্ডার আসেনি কিংবা ক্রেতার চাপ বা বেচুনির বলে উল্লেখ করেন তিনি। তার মতে, এ প্রবৃদ্ধিকে স্থায়ী ধারা হিসেবে দেখার সুযোগ নেই। মোহাম্মদ হাতেম আরও বলেন, চলতি মাসের শেষ সপ্তাহে আবারও বড় ধরনের ছুটি থাকায় উৎপাদন ও রণ্ডানি কার্যক্রমে বিঘ্ন ঘটতে পারে। যা রণ্ডানিতে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। তিনি মনে করেন, রণ্ডানির প্রকৃত অবস্থা বুঝতে হলে অন্তত জুলাই মাস পর্যন্ত অপেক্ষা করা প্রয়োজন। কারণ, ঈদের প্রভাবে যে ও জুন মাসেও রণ্ডানিতে সামগ্রিক ওঠানামা থাকতে পারে। ইপিওর তথ্য উপাত্ত বলছে, চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে পণ্য রণ্ডানিতে প্রায় ২৫ শতাংশ প্রবৃদ্ধি হয়েছিল। তারপর টানা ৮ মাস পণ্য রণ্ডানি কমেছে। তবে পতনের ধারা ভেঙে এপ্রিলে রণ্ডানিতে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি দেখা গেছে, যা কিছুটা স্বস্তি ফিরিয়েছে রণ্ডানি খাতে। রণ্ডানি আয়ের এই প্রবৃদ্ধিতে সবচেয়ে বড় ভূমিকা রেখেছে দেশের রণ্ডানি পণ্যের প্রধান খাত তৈরি পোশাক শিল্প। এপ্রিলে খাতটি থেকে আয় হয়েছে ৩১৪ কোটি ডলার। যা গত অর্থবছরের একই সময়ের তুলনায় ৩১ দশমিক ২১ শতাংশ বেশি। গত বছর এপ্রিলে তৈরি পোশাকের রণ্ডানি আয় ছিল ২৩৯ কোটি ডলার। এছাড়া এপ্রিলে নিট পোশাকের রণ্ডানি ৩০ শতাংশ এবং ওভেন পোশাক রণ্ডানি বেড়েছে ৩২ শতাংশ। ইপিবিব তথ্যানুযায়ী, চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ১০ মাসে (জুলাই-এপ্রিল) ৩ হাজার ৯৩৯ কোটি ডলারের পণ্য রণ্ডানি হয়েছে। এই রণ্ডানি গত বছরের একই সময়ের তুলনায় ২ দশমিক ০২ শতাংশ কম। গেল অর্থবছরে একই সময় রণ্ডানি আয় ছিল ৪ হাজার ২০ কোটি ডলার। ইপিওর প্রতিবেদনে দেখা যায়, এপ্রিল মাসে তৈরি পোশাক খাতেই নয়, দেশের অন্যান্য প্রধান রণ্ডানি খাতেও ইতিবাচক প্রবৃদ্ধি এসেছে। কৃষিপণ্য, পাট ও পাটজাত পণ্য, চামড়া ও চামড়াজাত পণ্য, হেমা টেক্সটাইল এবং প্রকৌশল পণ্যের রণ্ডানি আয়ও এ সময়ে বেড়েছে। সংশ্লিষ্টরা বলছেন, বিভিন্ন খাতে এই সম্ভবিত প্রবৃদ্ধিই সামগ্রিক রণ্ডানি আয়ের ঊর্ধ্বগতিকে ত্বরান্বিত করেছে।

ঝড়ে মেঘনায় নৌকাডুবি: এখনো

ধূলখোলা ইউনিয়নের পালপাড়া গ্রামের আলম মালতিয়ার ছেলে এবং জুয়েল সরদার একই গ্রামের আন্দুর রহমান সরদারের ছেলে। তাঁরা মেঘনা নদীতে মাছ শিকার করতে গিয়ে ঝড়ের

কবলে পড়েন বলে জানান স্থানীয় বাসিন্দারা। সাবেক ইউপি সদস্য ও স্থানীয় বাসিন্দা মো. ছগির হোসেন জানান, শনিবার অন্য জেলেনদের মতো একটি নৌকায় শিপন, জুয়েলসহ চারজন মেঘনা নদীতে মাছ শিকার করছিলেন। বেলা আড়াইটার দিকে হঠাৎ ঝড়ে তাঁদের নৌকাটি ডুবে যায়। এ সময় স্থানীয় জেলেরা দুজনকে উদ্ধার করতে সক্ষম হলেও শিপন ও জুয়েল নিখোঁজ হন। স্বজন ও জেলেরা তাঁদের দুজনকে খোঁজ করার পাশাপাশি নৌ পুলিশকে অবহিত করেন। হিজলা নৌ পুলিশের এসআই মো. শাহীন বলেন, ঝড়ে নৌকাডুবির ঘটনায় দুই জেলে নিখোঁজ হয়েছেন। রোববার দুপুর পর্যন্ত নিখোঁজ জেলেনদের সন্ধান পাওয়া যায়নি। তাঁদের উদ্ধারে নৌ পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

দক্ষিণ আইচা হাসপাতালকে

হাসপাতালটি রাজশ খাতে স্থানান্তর করে জরুরী জনবল নিয়োগের দাবী জানিয়ে আসছে। আবেদনে দক্ষিণ আইচার অবহেলিত মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিতকল্পে ২০ শয্যার হাসপাতালটিকে অতিক্রত রাজশ খাতে স্থানান্তর করে প্রয়োজনীয় জনবল নিয়োগ দিয়ে পুনঃ ভাবে চালু অনুরোধ জানিয়েছেন স্থানীয় এমপি নুরুল ইসলাম নয়ন। স্থানীয় এমপি়র এমন উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন চরফ্যাশনের সর্বস্তরের মানুষ।

মেহেন্দিগঞ্জে বিরোধী জমির

এনে জমি মাপজোফ করেন এবং সীমানা নির্ধারণের সময় তাদের ভোগদলনীয় জমির ভেতরে থাকা বিভিন্ন প্রজাতির প্রায় ২০ থেকে ২৫টি গাছ কেটে ফেলেন বলে অভিযোগ করেন তিনি। ভুক্তভোগীর দাবি, দীর্ঘদিন ধরে তারা ওই জমি ভোগদলন করে আসছেন এবং সেখানে লাগানো গাছগুলোও তাদের নিজস্ব। হঠাৎ করে পুলিশের সামনে এমনভাবে গাছ কেটে ফেলার ঘটনায় তারা ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং বিচার দাবি করছেন। এ বিষয়ে অভিযুক্ত দুলাল মুন্সির যোগাযোগের চেষ্টা করেও তার বক্তব্য পাওয়া যায়নি। তবে স্থানীয়রা বলছেন, দ্রুত প্রশাসনের হস্তক্ষেপে বিরোধ নিষ্পত্তি না হলে পরিস্থিতি আরও অবনতির আশঙ্কা রয়েছে।

ইয়াবাসহ উপজেলা বিএনপির

তালুকদার আবুল কালাম আজাদের ছেলে আহমদ বিন আজাদ ওরফে আলিফ (২২) এবং পূর্ব রাজাপুর এলাকার মো. শাহ আলম বানের ছেলে মো. মিরাজুল ইসলাম (২১)। স্থানীয় সূত্রে জানা গেছে, আলিফ দীর্ঘদিন ধরে মাদক ব্যবসার সঙ্গে জড়িত বলে অভিযোগ রয়েছে। তার বাবার রাজনৈতিক প্রভাব ব্যবহার করে তিনি এলাকায় প্রভাব বিস্তার বলছেন, এবং বিভিন্ন স্থানে মাদকের আসর বসাতেন বলে অভিযোগ করেন স্থানীয়রা। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ঝাড়াকান্দা এলাকা থেকে তাদের আটক করা হয়। এ সময় তাদের কাছ থেকে ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। রাজাপুর থানার ওসি সুজন বিশ্বাস বলেন, “আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। রোববার সকালে তাদের ঝালকাঠি আদালতে পাঠানো হয়েছে। মাদকের বিরুদ্ধে পুলিশের অভিযান অব্যাহত থাকবে।”

বরিশালে এক হাজার ইয়াবাসহ

উপজেলার নয়াপাড়া রোহিষা ক্যাম্পের বাসিন্দা মো. তাহেরের মেয়ে। এয়ারপোর্ট থানা পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে রোববার ভোরে ঢাকা থেকে পটুয়াখালীগামী একটি যাত্রীবাহী বাসে অভিযান চালানো হয়। অভিযানের সময় সন্দেহভাজন হিসেবে জাহিমা বেগমকে তল্লাশি করলে তার কাছ থেকে এক হাজার পিস ইয়াবা উদ্ধার করা হয়। পরে তাকে তাৎক্ষণিকভাবে আটক করা হয়। এ বিষয়ে এয়ারপোর্ট থানার পুলিশ পরিদক্ষক (তদন্ত) সুমন চন্দ্র আইন বলেন, আটককৃতের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। তাকে আদালতে সোপর্ন করে কারাগারে পাঠানোর প্রক্রিয়া চলছে। তিনি আরও জানান, মাদক চোরালোনে রোহে পুলিশের নজরদারি ও অভিযান অব্যাহত রয়েছে এবং ভবিষ্যতেও এ ধরনের অভিযান জোরদার করা হবে।

হিজলায় শিক্ষকের নেতৃত্বে ইটভাটায় হামলা ভাংচুর লুটপাট

কীর্তনখোলা রিপোর্ট

হিজলা উপজেলায় ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের নেতার ইট ভাটার অফিসে হামলা ভাংচুর ও লুটপাটের অভিযোগ উঠেছে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আল মামুন বিরুদ্ধে। শনিবার সন্ধ্যায় উপজেলার গুয়াবাড়িয়া ইউনিয়নের বান্দেরহাট এলাকায় এই ঘটনা ঘটে। এই ঘটনায় ইটভাটা মালিক হিজলা থানায় লিখিত অভিযোগ দিয়েছেন বলে নিশ্চিত করেছেন থানার ওসি মো. সোলাইমান। অভিযোগে সূত্রে জানা যায়, শনিবার সন্ধ্যায় উপজেলার গুয়াবাড়িয়া ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের নেতা ইদ্রিস আলী মক্কার বান্দেরহাটে সংলগ্ন রিবিসি ইটভাটা অফিসে এ হামলা ভাংচুর ও লুটপাটের ঘটনা ঘটে। এ সময় ইট বিক্রি করা নগদ ও লক্ষ টাকা নিয়ে যায়।

ভুক্তভোগী ইটভাটা মালিক ইদ্রিস আলী মক্ক বলেন, ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আল মামুন আমার ইটভাটা থেকে এক ট্রলার ইট বাকিতে চান। বাকি বিক্রিতে অস্বীকৃতি জানানো হলে শনিবার সন্ধ্যা ৮টার দিকে মামুন, মনির নঈ্ত, ইউনুস আকন, ইমাম, হাসান সহ প্রায় ১০-১২ জন আমার ইটভাটা অফিসে ঢুকে আমাদের মারপিট করে এবং অফিসে আসবাবপত্র ভাঙচুর চালায়। এসময় অফিসের আলমারীতে রাখা ইট বিক্রির ও লক্ষ টাকা নিয়ে যায়। হিজলা থানার ওসি মো. সোলাইমান বলেন, ইটভাটার অফিসে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনায় একটি লিখিত অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। উল্লেখ্য আল মামুন উপজেলা ছাত্রদের যুগ্ম আহ্বায়ক থাকা সত্ত্বেও একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক। তিনি ক্ষমতাসীন বিএনপির ছাত্রদের যুগ্ম আহ্বায়ক থাকার কারণে বিদ্যালয়ে অনুপস্থিত থাকে। বিদ্যালয় না গিয়ে উপজেলা শিক্ষা অফিসে প্রভাব বিস্তারের অভিযোগে গৃহবধর বিভিন্ন দৈনিক পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। কিছুদিন চুপচাপ থাকার পর পূর্ণরায় বেপরোয়া হয়ে ওঠে সহকারী শিক্ষক আল মামুন। গত এপ্রিল মাসে তার অবৈধ ইটভাটায় জোরপূর্বক স্থানীয় লোকজনের কৃষি জমির মাটি কেটে নেওয়ার অভিযোগ করা হয় হিজলা থানায়। কৃষি জমির মালিক কামাল শেখ বলেন, ছাত্রদলের পদের ক্ষমতা দিয়ে আমাদের পেঁচুক সম্পত্তির মাটি কেটে ইটভাটায় নিয়ে যায়। পরে আমরা ওয়ারিশপত্র আইনের আশ্রয় নিয়েছি। সচেতন মহলের প্রশ্ন একজন প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক হয়ে দুটি অবৈধ ইটভাটাসহ কোটি কোটি টাকার মালিক হয়েছেন কিভাবে? তবে অভিযোগ উঠেছে এসব অবৈধ ইটভাটা করতে গিয়ে অনেক ছাত্রদের মৃত্যুর ঘরবাড়ি দখল করেছেন সহকারী শিক্ষক হাজদল নেতা আল মামুন। ২০২৪ সালের ৫ আগস্টের পর উপজেলার মৌলভীরহাট বাজারে রড সিনেন্ট ব্যবসায়ীর দোকানের তাল্লা ভেঙে প্রায় ৫ লক্ষাধিক টাকার মামলামা লুট করে নিয়ে যায়। অভিযোগের বিষয়ে সহকারি শিক্ষক আল মামুন বলেন, হামলা, ভাংচুর ও লুটপাটের অভিযোগ সম্পন্ন মিথ্যা। আমি ইটভাটা মালিকের নিকট পাওনা টাকা চাইতে গিয়েছিলাম

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
 মায়ের দোরা অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykironkhola@gmail.com